

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৬৭

৭/ তালাক (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৭৭, বিছানা যার, সন্তান তার।

باب الْوَلَدِ لِلْفِرَاشِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصِوْرٍ، وَمُسَدَّدٌ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، اخْتَصَمَ سَعْدُ بْنُ أَبِي وَقَاصٍ وَعَبْدُ بْنُ زَمْعَةَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي ابْنِ أَمَةِ زَمْعَةَ فَقَالَ سَعْدٌ أَوْصَانِي أَخِي عُتْبَةُ إِذَا قَدِمْتُ مَكَّةَ أَنْ أَنْظُرَ إِلَى ابْنِ أَمَةِ زَمْعَةَ فَاقْبِضَهُ فَإِنَّهُ ابْنُهُ . وَقَالَ عَبْدُ بْنُ زَمْعَةَ أَخِي ابْنُ أَمَةٍ أَبِي وُلِدَ عَلَى فِرَاشِ أَبِي . فَرَأَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم شَبَهًا بَيِّنَا بِعُتْبَةَ فَقَالَ " الْوَلَدُ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ فَرَأَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم شَبَهًا بَيِّنَا بِعُتْبَةَ فَقَالَ " الْوَلَدُ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ الْحَجَرُ وَاحْتَجِبِي عَنْهُ يَا سَوْدَةُ " . زَادَ مُسَدَّدٌ فِي حَدِيثِهِ وَقَالَ " هُوَ أَخُوكَ يَا عَبْدُ " . . صحيح ق دون الزيادة وعلقها خ (الألباني

বাংলা

২২৬৭. সাঈদ ইবন মানসূর ও মুসাদাদ ইবন মুসারহাদ আয়েশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা সা'দ ইবন আবি ওয়াক্কাস ও আব্দ ইবন যাম্'আ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে উপস্থিত হয়ে যাম'আর দাসীর পুত্র আবদুর রহমান সম্পর্কে ঝগড়া শুরু করেন। সা'দ বলেন, আমার ভ্রাতা উতবা আমাকে এ মর্মে ওসীয়ত করেছেন যে, যখন আমি মক্কায় আসি তখন আমি যেন অবশ্যই যাম্'আর দাসী পুত্রের দিকে খেয়াল রাখি। তখন তিনি তাকে ধরে ফেলেন, কেননা সে ছিল তাঁর ভাই উতবার পুত্র।

অপরপক্ষে আদ ইবন যাম্'আ বলেন, সে (আবদুর রহগমান) আমার ভাই। কেননা সে আমার পিতার (ঔরসজাত) দাসী-পুত্র, যে আমার পিতার বিছানায় জন্ম নিয়েছে। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উতবার সাথে তার স্পষ্ট মিল আছে দেখে বলেনঃ সন্তান হলো যার বিছানায় জন্ম নিয়েছে তার এবং যিনাকারীর জন্য প্রস্তর। আর তিনি বলেন, হে সাওদা! তুমি তার থেকে পর্দা করো। মুসাদ্দাদ (রহঃ) তাঁর হাদীসে অতিরিক্ত বর্ণনা করেছেন যে, নবীজীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে আবদা! সে তোমার ভাই।

English



A'ishah said "Sa'd bin Abi Waqqas and 'Abd bin Zamah disputed amongst themselves about the (relationship of the) son of the slave girl of Zam'ah and brought the case to the Apostle of Allaah (). Sa'd said "My brother 'Utbah enjoined me that when I came to Makkah I should see the son of the slave girl of Zam'ah and take his possession for that is his son". 'Abd bin Zam'ah said "He is my brother, the son of my father's slave girl having been born on my father's bed". The Apostle of Allaah () saw his clear resemblance to 'Utbah. So he said "The child is attributed to the one on whose bed it is born and the fornicator is deprived of any right (lit. the fornicator will have the stone). Veil yourself from him, Saudah. Musaddad added in his version "he is your brother 'Abd".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন